দর্শনায় মাদক উদ্ধারসহ মধ্য বয়সী দুই নারী আটক

দর্শনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর পৃথক দুটি মাদক বিরোধী অভিযানে মাদক উদ্ধার সহ মধ্য বয়সী দুই নারীকে আটক করেছে।

আটককৃতদেরকে ভ্রাম্যমান আদালতে বিভিন্ন মেয়াদে কারাদন্ড ও জরিমানা করা হয়েছে। গতকাল সোমবার বেলা সাড়ে ১১ টার দিকে চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেটে মোঃ নজরুল ইসলামের নেতৃত্বে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর জেলা কার্যালয়ের অফিসার ও সদস্যরা মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন জেলার দর্শনা মোবারকপাড়ায়।

এ অভিযানে মৃত: আব্দুল কুদ্দুসের স্ত্রী হামিদা খাতুন ডলির (৫০) নিজ বসতঘরে তল্লাসী চালিয়ে ২ কেজি গাঁজা উদ্ধার সহ মাদক ব্যাবসায়ী হামিদা খাতুন ডলিকে আটক করেন। আটককৃত মাদক ব্যাবসায়ীকে ভ্রাম্যমান আদালতে ১ বছরের বিনাশ্রম কারাদণ্ড ও ৫০০ টাকা অর্থদণ্ড প্রদান করে জেল হাজতে প্রেরণ করেন। একই অভিযানিকদল দুপুর ১২ টার দিকে মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন দর্শনা শান্তিপাড়ায়। এ অভিযানে শান্তিপাড়ার ইদ্রিস আলীর বসতঘরে মাদক বিরোধী অভিযান চালিয়ে ২ কেজি গাঁজা সহ গৃহকর্তার স্ত্রী কোহিনূর বেগমকে (৫৫) আটক করেন।

আটককৃত আসামীকে ভ্রাম্যমান আদালতে ৯ মাসের বিনাশ্রম কারাদণ্ড ও ৫০০ টাকা অর্থদণ্ড প্রদান করে জেল হাজতে প্রেরণ করেন। এ ভ্রাম্যমান আদালত পরিচালনা ও রায় প্রদান করেন বিজ্ঞ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট মোঃ নজরুল ইসলাম।